



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা, ২০১২

জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা, ২০১২

(স্থানের নাম পরিচয় করে এবং সময় বর্ণনা করে আপনার জন্ম ও বৃন্দাবন করুন।)

ভূমিকা

বাংলাদেশ একটি উন্নয়নশীল কৃষিপ্রধান দেশ। বাংলাদেশের প্রায় তিনি-চতুর্থাংশ এর বেশি মানুষ পল্লী এলাকায় বাস করে। এদের ব্যাপক অংশ দারিদ্র্পীভূতি। পল্লী উন্নয়নের মাধ্যমে ত্বক্ষণ পর্যায়ের আগমনিক জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন তথা জাতীয় উন্নয়ন সম্ভব। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এর অধীনস্থ সংস্থা বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) পল্লীর জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে তিনি যুগেরও অধিক সময় গ্রামীণ সংগঠন গড়ে তোলা, ক্ষুদ্র ঋণ পরিচালনা, পুঁজি গঠন, সম্পদ উন্নয়ন, প্রযুক্তি হস্তান্তর, নারীর ক্ষমতায়ন, পরিবার পরিকল্পনা ও জনস্বাস্থ্যের উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে কাজ করে আসছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সমবায় অধিদপ্তর, আরডিএ, বার্ড, বাপার্ড, পিডিএফ, এসএফডিএফসহ অনেক অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান বহুমুখি কার্যক্রমে সম্পৃক্ত হয়ে অনুকরণীয় উদাহরণ সৃষ্টি করে দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে অবিস্মরণীয় অবদান রেখে চলেছে। তার ফলশ্রুতিতে বর্তমানে দেশের দারিদ্র বিমোচনের হার ৪০% থেকে ইতোমধ্যে ৩১.৫% এ নেমে এসেছে। যাঁরা এই ক্ষেত্রে অবদান রেখে চলেছেন, জাতীয়ভাবে তাঁদের উত্তম কাজের স্বীকৃতিপ্রদ পদক প্রদান করা হলে পল্লী উন্নয়নমূলক নানাবিধ কর্মকাণ্ডে বিভিন্ন ব্যক্তি, গোষ্ঠী, সংগঠন এবং প্রতিষ্ঠানকে সুস্থ প্রতিযোগিতায় আগ্রহী করে তোলা সম্ভব হবে। পাশাপাশি পল্লী উন্নয়নের গতি ত্বরান্বিত হবে এবং সহস্রাদের রূপকল্প উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বলিষ্ঠ ভূমিকা রাখবে। এ লক্ষ্যে সরকার জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। উদ্দেশ্য

- (১) দারিদ্র বিমোচনে দ্রষ্টান্তমূলক অবদান রাখা;
- (২) পল্লী উন্নয়নে উদ্যোগ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়নকে উৎসাহিত করা;
- (৩) পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নের গতি ত্বরান্বিত করা;
- (৪) জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় পল্লী উন্নয়ন কার্যক্রমকে জোরদার করা;
- (৫) নারীর উন্নয়ন ও ক্ষমতায়ন নিশ্চিত করা;
- (৬) প্রতিটি পরিবারকে উন্নয়নের কেন্দ্রবিন্দুতে পরিণত করা;
- (৭) প্রায়োগিক গবেষণা জোরদার করা;
- (৮) পল্লী উন্নয়নে ব্যতিক্রমী উদ্ভাবন, উদ্যোগ, আগ্রহ, উদ্বীপনা ও সুস্থ প্রতিযোগিতার সৃষ্টি করা;
- (৯) বিভিন্নমুখি পুঁজি গঠন ও সম্পদ সৃষ্টি এবং তার সর্বোত্তম ব্যবহারে উৎসাহ সৃষ্টি করা;
- (১০) স্বয়ন্বরতা অর্জন করা;
- (১১) কার্যকর পল্লী সংগঠন সৃষ্টি করা;
- (১২) পল্লী উন্নয়নে নেতৃত্বের বিকাশ।

১। পুরস্কারের শ্রেণিবিভাগ

- (১) পল্লী সফল উদ্যোগ (কৃষি ও অকৃষি খাত-মৎস্য, পশুপালন ও হাঁস-মুরগী পালন ইত্যাদি);
- (২) পল্লী সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহার;
- (৩) পল্লী উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার এবং পরিবেশ সুরক্ষায় অবদান;
- (৪) দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহার;
- (৫) স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাত ও বাজারজাতকরণ;
- (৬) সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠন;
- (৭) নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;
- (৮) পল্লী উন্নয়ন ও প্রায়োগিক গবেষণায় বিশেষ অবদান;
- (৯) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যক্তিক্রমধর্মী উল্লেখযোগ্য ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন;
- (১০) পল্লী উন্নয়নে সফল নেতৃত্ব।

৪। পুরস্কারের ধরন ও প্রকৃতি

২২ ক্যারেটের ১০ গ্রাম ও জনের স্বর্ণপদকসহ একটি সম্মাননাপত্র। পুরস্কারের সংখ্যা অনধিক ১০টি।

৫। জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান

- ৫.১ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন;
- ৫.২ সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান পরিচালনা করবেন;
- ৫.৩ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় জাতীয় পল্লী উন্নয়ন পদক বিতরণ অনুষ্ঠান আয়োজনের যাবতীয় দায়িত্ব পালন করবে;
- ৫.৪ পল্লী উন্নয়ন ও সমবায় মেলা অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য যে কোন সুবিধাজনক দিবসে এই পদক বিতরণ করা যেতে পারে।

৬। বাছাই পদ্ধতি

- (১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে;
- (২) উপজেলা কমিটি উপজেলা পর্যায়ের বিভিন্ন শ্রেণি থেকে শ্রেষ্ঠ অবস্থান বাছাই করে (একটি মনোনয়ন চূড়ান্ত করে) জেলা কমিটি বরাবরে প্রেরণ করবে;
- (৩) পদকের জন্য মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানের তথ্য উপজেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে জেলা কমিটি স্ব স্ব জেলা থেকে বিভিন্ন শ্রেণি হতে শ্রেষ্ঠ অবস্থান নির্বাচন করে (অনধিক দু'টি মনোনয়ন চূড়ান্ত করে) বিভাগীয় কমিটি বরাবরে প্রেরণ করবে;

- (৪) বিভাগীয় কমিটি জেলা কমিটি থেকে মনোনয়ন প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে বিভাগীয় পর্যায়ের শ্রেষ্ঠ অবস্থান মনোনয়ন চূড়ান্ত করে (অনধিক ৫টি) জাতীয় কমিটিতে প্রেরণ করবে;
- (৫) বিভাগীয় কমিটি হতে মনোনয়ন প্রাপ্তির পর জাতীয় কমিটি সার্বিক অবদান বিবেচনা করে জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট ক্ষেত্রে শ্রেষ্ঠ অবস্থান চূড়ান্তভাবে নির্বাচন করবে;
- (৬) জাতীয় পর্যায়ে পদক প্রাপ্ত শ্রেষ্ঠ ব্যক্তি/প্রতিষ্ঠান একবারই পদকের জন্য মনোনীত হবেন;
- (৭) দারিদ্র বিমোচন তথা পল্লী উন্নয়নে স্মরণীয় অবদান রাখার জন্য বাংলাদেশে কর্মরত কোন বিদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরকারের অনুমতি নিয়ে এই পদক প্রদান করা যেতে পারে;
- (৮) জাতীয় কমিটি অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিশেষ বিবেচনায় উপর্যুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে যে কোন ক্ষেত্রে পদক প্রদানের জন্য চূড়ান্তভাবে মনোনীত করতে পারবে।

৭। বিভিন্ন পর্যায়ে নির্বাচন কমিটি গঠন

৭.১। জাতীয় কমিটি

- (১) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় - সভাপতি
- (২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ - সহ-সভাপতি
- (৩) নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা - সদস্য
- (৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা - সদস্য
- (৫) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া - সদস্য
- (৬) মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ - সদস্য
- (৭) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ - সদস্য
- (৮) প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য
- (৯) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য
- (১০) প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য
- (১১) প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য
- (১২) প্রতিনিধি, যুব ও ক্রিড়া মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য
- (১৩) প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) - সদস্য

- (১৪) প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম সচিবের নিচে নয়) প্রাচীক চালিকা- সদস্য
- (১৫) সভাপতি, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন - সদস্য
- (১৬) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিপিএফ) - সদস্য
- (১৭) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে মনোনীত জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রাপ্ত দু'জন বিশিষ্ট ব্যক্তি (দুই বছরের জন্য) - সদস্য
- (১৮) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরভিবি) - সদস্য-সচিব

৭.২। বিভাগীয় কমিটি

- (১) বিভাগীয় কমিশনার - সভাপতি
- (২) জেলা প্রশাসক (সকল) (সংশ্লিষ্ট বিভাগ) - সদস্য
- (৩) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর - সদস্য
- (৪) উপপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর - সদস্য
- (৫) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর - সদস্য
- (৬) যুগ্ম-নিবন্ধক, সমবায় সমিতিসমূহ (সংশ্লিষ্ট বিভাগ) - সদস্য
- (৭) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (বিভাগীয় সদর) - সদস্য
- (৮) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিভাগীয় সদর) - সদস্য-সচিব

৭.৩। জেলা কমিটি

- (১) জেলা প্রশাসক - সভাপতি
- (২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর - সদস্য
- (৩) উপপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর - সদস্য
- (৪) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর - সদস্য
- (৫) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর - সদস্য
- (৬) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর - সদস্য
- (৭) উপপরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন - সদস্য
- (৮) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য
- (৯) জেলা সমবায় অফিসার - সদস্য
- (১০) উপপরিচালক, বিআরভিবি (সংশ্লিষ্ট জেলা) - সদস্য-সচিব

৭.৪। উপজেলা কমিটি

- (১) উপজেলা চেয়ারম্যান - প্রধান উপদেষ্টা
- (২) উপজেলা ভাইস চেয়ারম্যান (২ জন) - উপদেষ্টা
- (৩) উপজেলা নির্বাচী অফিসার - সভাপতি
- (৪) উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য
- (৫) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা - সদস্য
- (৬) উপজেলা মৎস্য কর্মকর্তা - সদস্য
- (৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - সদস্য
- (৮) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - সদস্য
- (৯) উপজেলা সমবায় কর্মকর্তা - সদস্য
- (১০) উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য
- (১১) উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা - সদস্য
- (১২) সভাপতি, ইউসিসি লিঃ - সদস্য
- (১৩) সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট পল্লী উন্নয়ন/সমাজকর্মী (প্রতি ২ বছরের জন্য) - সদস্য
- (১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরভিবি - সদস্য-সচিব

৮. জাতীয় পল্লী উন্নয়ন পদকের মূল্যায়নের জন্য এই নীতিমালার উদ্দেশ্য এবং পুরকারের শ্রেণিবিভাগের আলোকে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য সর্বোচ্চ ১০ (দশ) গোষ্ঠী/প্রতিঠান/ব্যক্তিকে নির্বাচনের জন্য বিবেচনা করা হবে।

স্বাক্ষরিত/-

৩০/০৯/২০১২

ড. মিহির কান্তি মজুমদার
সচিব।

জাতীয় পল্লী উন্নয়ন পদক এর জন্য প্রস্তাবিত ব্যক্তি/প্রতিষ্ঠান/

সমিতি/সংগঠন সম্পর্কিত তথ্য ছক

প্রস্তাবিত ব্যক্তির
অথবা
প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন
প্রধানের পাসপোর্ট
আকারের ১টি ছবি

- ১। জাতীয় পল্লী উন্নয়ন পদকের জন্য প্রস্তাবিত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের নামঃ
(ব্যক্তি হলে পিতা ও মাতার নাম, জন্ম তারিখ, নিজ জেলা ও জাতীয় পরিচয়পত্র নম্বর)

- ২। স্থায়ী ঠিকানা (টেলিফোন/মোবাইল/ফ্যাক্স/ই-মেইল)ঃ

- ৩। বর্তমান ঠিকানা (টেলিফোন/মোবাইল/ফ্যাক্স/ই-মেইল)ঃ

- ৪। শিক্ষাগত যোগ্যতা (ব্যক্তি অথবা প্রতিষ্ঠান/সমিতি/সংগঠন প্রধান)ঃ

- ৫। যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে সুপারিশকৃত ব্যক্তি/প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের সুনির্দিষ্ট বিবরণঃ

- ৬। সামাজিক কার্যক্রমে অংশগ্রহণ (৫নং ক্রমিকে উল্লিখিত তথ্যের অতিরিক্ত থাকলে)ঃ

- ৭। ইতোপূর্বে বিশেষ কোন পুরস্কার/সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণঃ

- ৮। উল্লেখ করার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণঃ

- ৯। মরগোত্তর পদক প্রদানের ক্ষেত্রে মৃত্যুর তারিখঃ

- ১০। পদক বিতরণের সময় পদকপ্রাপ্ত কোন কারণে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে যিনি পদক গ্রহণ করবেন তাঁর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, ই-মেইল নম্বর (যদি থাকে)ঃ

(প্রস্তাবকারীর স্বাক্ষর) (কমিটি প্রধান)

পূর্ণ ঠিকানা

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

ফোন/ই-মেইল/ফ্যাক্স

দ্রষ্টব্যঃ ১. প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করা যাবে।

২. এই ছক www.rdcdb.gov.bd থেকেও ডাউনলোড করা যাবে।